



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩, E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং : ময়মিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১৪৮

তারিখঃ ১৬/০৬/২০২৬ খ্রিঃ

বিষয়ঃ ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের পরীক্ষা শনিবারে গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ মনসা/ধোবা/ময়মন-০৫২

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শনিবারে অনুষ্ঠিতব্য ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা ধর্মীয় বিধি নিষেধের কারণে পূর্ব নির্ধারিত সময়ের পরিবর্তে সন্ধ্যা ৬.০০ টা হতে রাত ৯.০০ টা পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ করবে।

১. উল্লিখিত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা শনিবার সকাল ১০.০০ টার পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হবে ও পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষে অবস্থান করবে এবং তাদের জন্য নির্ধারিত সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
২. পরীক্ষা কেন্দ্রে প্রবেশের পর তাদের সাথে প্রবেশপত্রে বর্ণিত দ্রব্যাদির বাইরে কিছু থাকবে না।
৩. কোন অবস্থাতেই পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষের বাইরে যেতে পারবেনা এবং বাইরের কারও সাথে যোগাযোগ করতে পারবে না।
৪. কলসিন্দুর সরকারি উচ্চমাধ্যমিক বিদ্যালয়, ধোবাউড়া-০২ (কেন্দ্র কোড-৫৭৫) ধোবাউড়া, ময়মনসিংহ।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

প্রাপক-  
জেলা প্রশাসক  
ময়মনসিংহ

(কৃষিবিদ ড.আ.খ.ম কামাল হাসান)  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) ও পরীক্ষা নিয়ন্ত্রক  
অতিরিক্ত দায়িত্ব  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ  
ফোন : ০২-৯৯৭৭১০৪৪৪  
Email : [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে;

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ ;
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কলসিন্দুর সরকারি উচ্চমাধ্যমিক বিদ্যালয়, ধোবাউড়া-০২ (কেন্দ্র কোড-৫৭৫) ধোবাউড়া, ময়মনসিংহ।
- ৩। অফিস কপি